

বগুড়া জেলা আ'লীগ কার্যালয়ে তালা ঝুলিয়েছে ছাত্রলীগ

■ বগুড়া ব্যুরো

বগুড়ায় ছাত্রলীগের মেয়াদোত্তীর্ণ শহর, সদর এবং দুই কলেজসহ ৪টি কমিটি ভেঙে দেওয়ার সংগঠনের বিরুদ্ধে নেতাকর্মীরা গতকাল বৃহস্পতিবার আওয়ামী লীগ কার্যালয়ে তালা ঝুলিয়ে দিয়েছেন।

বিলুপ্ত ৪টি কমিটির

নেতারা পাশ্চাত্য

মেয়াদোত্তীর্ণ ছাত্রলীগের জেলা কমিটি ভেঙে দেওয়ার দাবি জানিয়েছেন। তারা বলেছেন, দাবি আদায় না হওয়া পর্যন্ত ওই কার্যালয়ের তালা খোলা হবে না। দলীয় সূত্র জানায়, মেয়াদোত্তীর্ণ হওয়ার জেলা ছাত্রলীগ বুধবার রাতে সংগঠনের শহর শাখা, সদর শাখা, সরকারি আজিজুল হক কলেজ এবং সরকারি শাহ মুলতান কলেজ শাখা কমিটি ভেঙে দেওয়া হয়। এ সংক্রান্ত খবর গতকাল বৃহস্পতিবার স্থানীয় পত্রিকাগুলোতে প্রকাশ হওয়ার পর ৪টি কমিটির নেতৃবৃন্দ বিক্ষুব্ধ হয়ে ওঠেন। বিকেলে তারা শহরের টেম্পল রোডে জেলা আওয়ামী লীগ কার্যালয়ে তালা ঝুলিয়ে দেন।

ছাত্রলীগ বগুড়া শহর শাখার বিলুপ্ত কমিটির সাধারণ সম্পাদক রবিউল ইসলাম লিটন অভিযোগ করেন, জেলা

কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক কাউকে না জানিয়ে তাদের কমিটি বিলুপ্ত করেছেন। সংগঠনের সরকারি আজিজুল হক কলেজ কমিটির আহ্বায়ক মাহমুদুল হক রাসেল জানিয়েছেন, সম্মেলনের প্রস্তুতি না

নিয়েই কমিটি বিলুপ্ত করায়

নেতাকর্মীরা

হতাশ

হয়েছেন। যুগ্ম-আহ্বায়ক কামরুল হুদা ডালিম জানান, তাদের সঙ্গে কথা না বলেই কমিটি ভেঙে দিয়ে নেতাকর্মীদের অবজ্ঞা করা হয়েছে। তিনি বলেন, ছাত্রলীগের বগুড়া জেলা কমিটির মেয়াদই অনেক আগে শেষ হয়ে গেছে। মেয়াদোত্তীর্ণ জেলা কমিটি বগুড়ায় ছাত্রদল ও শিবিরের বিরুদ্ধে রাজনৈতিকভাবে কোনো ভূমিকা রাখতে পারছে না। আমরা জেলা কমিটি পুনর্গঠনের দাবি জানাচ্ছি।

ছাত্রলীগ বগুড়া জেলা কমিটির সভাপতি আল রাজি জুয়েল বলেন, সাংগঠনিকভাবে নিষ্ক্রিয় হয়ে পড়ায় এবং নেতৃবৃন্দের বিরুদ্ধে নানা অভিযোগের পরিপ্রেক্ষিতে শহর, সদর এবং দুই কলেজ কমিটি ভেঙে দেওয়া হয়েছে। অর্ন্তরেই সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠন করা হবে।

চার কমিটি বিলুপ্ত